তারিখ ....21 SEP 2016
পৃষ্ঠা ...6... কলাম ...6

প্রথম আলো



অধ্যাপক নির্মলা রাও

# এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের নতুন উপাচার্য নির্মলা রাও

এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের (এইউডব্লিউ) নতুন উপাচার্য হচ্ছেন যুক্তরাজ্যের রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক নির্মলা রাও।

আগামী ১ ফেব্রুয়ারি থেকে তাঁর এ নিয়োগ কার্যকর হবে। বিশ্ববিদ্যালয়টির সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

অধ্যাপক নির্মলা রাও নগর শাসনব্যবস্থার ওপর একজন বিশেষজ্ঞ। তিনি ইউনিভার্সিটি অব লন্ডনের স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজের (এসওএএস) প্রো-ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্ধিত মেয়াদে সেখানকার ভারপ্রাপ্ত পরিচালকও ছিলেন তিনি। ২০০৮ সালে এসওএএস-এর প্রো-ডিরেক্টর হিসেবে যোগদানের আগে তিনি ইউনিভার্সিটি অব লন্ডনের গোল্ডস্মিথস কলেজের পলিটিকস অ্যান্ড প্রো-ওয়ার্ডেনের অধ্যাপক ছিলেন।

২০০৩ সালে এই শিক্ষাবিদ একাডেমি অব দ্য সোশ্যাল সায়েন্সেসের ফেলো নির্বাচিত হন। সরকারি চাকরিতেও নির্মলা রাওয়ের রয়েছে দীর্ঘ অভিজ্ঞতা। যুক্তরাজ্যের অডিট কমিশন, উপপ্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানে পরামর্শক হিসেবে কাজ করেছেন তিনি। বর্তমানে তিনি ট্রিনিটি লাবান কনজারভেটয়ার অব মিউজিক অ্যান্ড ড্যান্সের গভর্নর হিসেবে রয়েছেন।

১৯৯০-এর দশকের শেষ দিকে নির্মলা রাও আবাসন ও স্থানীয় সরকারবিষয়ক ব্রিটিশ মন্ত্রীর একাডেমিক অ্যাডভাইজরের দায়িত্ব পালন করেন। দায়িত্ব পালন করেন ভারতের অন্ধ্র প্রদেশ রাজ্য সরকারের পরামর্শক হিসেবেও। অতিসম্প্রতি ইউকে-ইন্ডিয়া লিডারশিপ প্রোগ্রাম ফর ভাইস চ্যান্সেলরসের কর্মসূচি পরিচালকের দায়িত্ব পালন করেন তিনি।

অধ্যাপক নির্মলা রাওকে এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনের নতুন উপাচার্য হিসেবে ঘোষণা করে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী দীপু মনি বলেন, 'অধ্যাপক রাও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব নিতে রাজি হওয়ায় আমরা সত্যিই খুব খুশি।' বিজ্ঞপ্তি।